তারিখ 26 AUG 1995
পৃষ্ঠা 9 কলাম 4

আজকের কাগজ

17

কৃষি বিশ্ববিদ্যালয়ে দু'টি হলে ফের তল্লাশি — আটক চার

# আজ ময়মনসিংহ ও কৃ.বিতে হরতাল

কৃষি বিশ্ববিদ্যালয় থেকে মোকাম্মেল হক : বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের দু'গ্রুপের অব্যাহত সন্ত্রাসের প্রেক্ষিতে গতকাল শুক্রবার ভোর ৫.৩০ মিঃ প্রায় আড়াই শতাধিক পুলিশ আর্মড পুলিশ ও বিডিআর এর সম্মিলিত বাহিনী চারজন ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে ২য় দফা শহীদ শামছুল হক হল ও আশরাফুল হক হলে ব্যাপক তল্লাশি চালায়। এ তল্লাশিতে কোনো ধরনের অস্ত্র বা গোলাবারুদ উদ্ধার করতে পারেনি। পুলিশ ছাত্রদল বাকৃবি শাখার যুগ্ম সম্পাদক মোঃ শামীমুর রহমান শামীমসহ ৪ জনকে আটক করে। আটককৃতদের মধ্যে রয়েছে আদিল, সজল ও শাহজালাল হল সংসদের সাংস্কৃতিক সম্পাদক এবিএম আহসানুর রহমান লাবু। তবে এদের মধ্যে শামীমকে জেল হাজতে পাঠানো হয়েছে। শামছুল হক হলে তল্লাশির সময় একজন ছাত্রকে লাঠিচার্জ করলে উক্ত হলের সাধারণ ছাত্ররা বিশ্ববিদ্যালয় প্রশাসন ও পুলিশের বিরুদ্ধে হলের ভেতরে মিছিল করে। উদ্ভূত পরিস্থিতিতে ময়মনসিংহ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ সপিউল্লাহর হস্তক্ষেপে হলের পরিস্থিতি শান্ত হয়।

এদিকে বাকসুর ভিপি শাহদাৎ হোসেন চঞ্চলকে গত বুধবার গ্রেফতারের প্রেক্ষিতে আজ ময়মনসিংহ শহর ও কৃষি বিশ্ববিদ্যালয়ে সকাল ৬টা -২টা হরতাল আহবান করেছে "চঞ্চল মুক্তি পরিষদ" হরতালের সমর্থনে কৃষি বিশ্ববিদ্যালয়ে মিছিল হয়। ময়মনসিংহ শহরে ছাত্রদল যুবদল ও স্বেচ্ছাসেবক সংগঠন সমন্বয়ে গঠিত "চঞ্চল মুক্তি পরিষদ" সন্ধ্যে সাড়ে ৭ টায় এক বিশাল মশাল মিছিল বের করে। মিছিল চলাকালীন ৩টি গাড়ি ভাংচুরের খবর পাওয়া গেছে। কৃষি বিশ্ববিদ্যালয় ও ময়মনসিংহের উদ্ভূত পরিস্থিতিতে বিএনপি'র মহা সচিব ব্যারিস্টার সালাম তালুকদারের আসার কথা থাকলেও তিনি আসছেন না বলে একটি সূত্র জানায়।